রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১
www.rakub.org.bd

সততার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নেই।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

কেহিবি-১ সার্কুলার নং-০৪/২০২৩ | তারিখ: ২২-১০-২০২৩

বিষয়: Bangladesh Krishi Bank (BKB) এর সাথে Sub-Representative Agreement এর আওতায় Foreign Remittance ডেলিভারির ক্ষেত্রে গ্রাহককে রেমিটেন্স প্রদান, রেমিটেন্স তহবিল গ্রহণ ও সমন্বয় সংক্রান্ত লেনদেনের হিসাবায়ন পদ্ধতি।

উপর্যুক্ত বিষয়ে রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী'র বৈদেশিক বিনিময় বিভাগের ১৬ অক্টোবর, ২০২৩ তারিখের প্রকা/বৈবিবি/অপা-৩(বিকেবি)/২০২৩-২০২৪/১৭৪(৪০৩) নম্বর পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক বিদেশে কর্মরত বাংলাদেশীদের কষ্টার্জিত অর্থ তাঁদের আত্মীয়-স্বজন/পরিচিতজনদের নিকট বৈধ চ্যানেলের মাধ্যমে দেশে আনার ক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংকের সাথে ১২(বার)টি এবং এনসিসি ব্যাংকের সাথে ৪০ (চল্লিশ) টি Money Transfer Operator (MTO) এর মাধ্যমে Foreign Remittance কার্যক্রম পরিচালনা করছে। ব্যাংক ব্যবস্থাপনার গতিশীল নেতৃত্ব এবং পরিচালনা পর্ষদের সময়োপযোগী সিদ্ধান্তের প্রেক্ষিতে ব্যাংকের ব্যবসায়িক কর্মকান্ড ও Ancillary Services হতে আয় বৃদ্ধির লক্ষ্যে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক Foreign Remittance কার্যক্রম আরও জোরদার করার জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক এর Sub-Representative হিসেবে আরো ১০(দশ)টি MTO এর সাথে নতুন করে রেমিটেন্স কার্যক্রম পরিচালনার জন্য গত ০৪.০৯.২০২৩ তারিখে চুক্তিবদ্ধ হয়েছে।

০২। সম্পাদিত চুক্তির প্রেক্ষিতে ফরেন রেমিটেন্স ডেলিভারির ক্ষেত্রে লেনদেন সহজীকরণ এবং দ্রুততম সময়ে নিষ্পত্তি ও সঠিকতা নিশ্চিত করার লক্ষ্যে নিম্ন বর্ণিত হিসাবায়ন পদ্ধতি অনুসরণ করতে হবে:

(ক) শাখা কর্তৃক ফরেন রেমিটেন্সের অর্থ গ্রাহককে প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত ভাউচার সম্পাদন করতে হবে:

- গ্রাহককে রেমিটেন্স প্রদানের ক্ষেত্রে :

  গ্রাহক/প্রাপক কর্তৃক সরবরাহকৃত Money Transfer Control Number/Ref.No./PIN Number রাকাব, প্রধান কার্যালয়, বৈদেশিক বিনিময় বিভাগ থেকে যাচাই অন্তে দ্রুততম সময়ে গ্রাহকের প্রাপ্য রেমিটেন্স পরিশোধের ক্ষেত্রে নিম্নরূপ ভাউচার প্রস্তুত করতে হবে:

ডেবিট	ক্রেডিট
শাখার আদায়যোগ্য হিসাব সংশ্লিষ্ট MTO এর জিএল হিসাব	সংশ্লিষ্ট গ্রাহকের হিসাব/নগদ প্রদান (Benificiary)

- গ্রাহকের প্রাপ্য রেমিটেন্সের বিপরীতে প্রণোদনা (Cash Incentive) প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ ভাউচার প্রস্তুত করতে হবে:

ডেবিট	ক্রেডিট
শাখার আদায়যোগ্য হিসাব 90200000537 (Cash Incentive against BKB Remittance) বিকেবি এর মাধ্যমে পরিশোধিত রেমিটেন্সের বিপরীতে প্রদানকৃত প্রণোদনা (Cash Incentive)	সংশ্লিষ্ট গ্রাহকের হিসাব/নগদ প্রদান (Benificiary)

(খ) শাখা কর্তৃক প্রদানকৃত রেমিটেন্স ও প্রণোদনা (Cash Incentive) বিপরীতে আদায়যোগ্য হিসাব সমন্বয় এর ক্ষেত্রে:

- শাখার রেমিটেন্স পরিশোধ বাবদ আদায়যোগ্য খাতে রক্ষিত অর্থ দ্রুততম সময়ে সমন্বয়ের জন্য প্রতি কার্যদিবস অন্তে Sweep in-Sweep out পদ্ধতি ব্যবহার করে সিবিএস সিষ্টেম সয়ংক্রিয়ভাবে নিম্নোক্ত transaction সম্পন্ন করবে:

ডেবিট	ক্রেডিট
ঢাকা শাখার আদায়যোগ্য হিসাব Settlement Account for Foreign Remittance with BKB (Principal) (90200000536) বিকেবি এর মাধ্যমে পরিশোধিত রেমিটেন্স বাবদ অর্থ	আদায়যোগ্য হিসাব সংশ্লিষ্ট শাখার MTO এর জিএল হিসাব

- শাখার রেমিটেন্সের বিপরীতে প্রদানকৃত প্রণোদনা (Cash Incentive) বাবদ আদায়যোগ্য খাতে রক্ষিত অর্থ দ্রুততম সময়ে সমন্বয়ের জন্য প্রতি কার্যদিবস অন্তে Sweep in-Sweep out পদ্ধতি ব্যবহার করে সিবিএস সিষ্টেম সয়ংক্রিয়ভাবে নিম্নোক্ত transaction সম্পন্ন করবে:

ডেবিট	ক্রেডিট
ঢাকা শাখার আদায়যোগ্য হিসাব Cash Incentive against BKB Remittance (Cash Incentive) (90200000537) বিকেবি এর মাধ্যমে পরিশোধিত রেমিটেন্সের বিপরীতে প্রদানকৃত প্রণোদনা (Cash Incentive)	শাখার আদায়যোগ্য হিসাব 90200000537 (Cash Incentive against BKB Remittance) বিকেবি এর মাধ্যমে পরিশোধিত রেমিটেন্সের বিপরীতে প্রদানকৃত প্রণোদনা (Cash Incentive)

চলমান পাতা-০২

(গ) রাকাব, বৈদেশিক বিনিময় বিভাগ কর্তৃক দৈনিক লেনদেন শেষে প্রদানকৃত রেমিটেন্স এর সংখ্যা এবং অর্থের পরিমাণ ঢাকা শাখায় রক্ষিত Settlement Account for Foreign Remittance with BKB হিসাবের সাথে যাচাই করে নিশ্চিত করতে হবে। একটি নির্দিষ্ট সময় অন্তে রাকাবের শাখা সমূহ কর্তৃক পরিশোধিত রেমিটেন্সের অর্থ (নগদ ইনসেনটিভসহ) ঢাকা শাখায় রক্ষিত Cash Incentive against BKB Remittance হিসাবের সাথে মিল করে বিকেবিকে পুন:ভরণের জন্য আবেদন জানালে বাংলাদেশ কৃষি ব্যাংক এ ব্যাংকের প্রতিবেদনের সঠিকতা নিশ্চিত করে পরিশোধিত রেমিটেন্সের অর্থ (নগদ ইনসেনটিভসহ) রাকাব, ঢাকা কর্পোরেট শাখা কর্তৃক বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়ে পরিচালিত চলতি হিসাবে উক্ত অর্থ জমা করবে। সেক্ষেত্রে রাকাব ঢাকা কর্পোরেট শাখা কর্তৃক নিম্নোক্ত ভাউচার সম্পন্ন করবে :

ডেবিট	ক্রেডিট
ঢাকা শাখা কর্তৃক পরিচালিত SND Account with BKB (90200000408) বিকেবি এর মাধ্যমে পরিশোধিত রেমিটেন্সের বিপরীতে প্রাপ্ত পুন:ভরণ (প্রণোদনা সহ)	Settlement Account for Foreign Remittance with BKB (Principal) (90200000536) Cash Incentive against BKB Remittance (Cash Incentive) (90200000537)

➢ **রেমিটেন্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তার ক্ষেত্রে:**

রেমিটেন্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তার ক্ষেত্রে রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী'র বৈদেশিক বিনিময় বিভাগের নিম্নে উল্লিখিত পত্রের নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে:

পত্র নং-প্রকা/বৈবিবি/অপা-৩(প্রণোদনা)/২০২১-২০২২/৩৬২(৪০১), তারিখ: ০৩ জানুয়ারি, ২০২২
পত্র নং-প্রকা/বৈবিবি/অপা-৩(প্রণোদনা)/২০১৯-২০২০/১১০৭(৪০২), তারিখ: ২৩ অক্টোবর ২০১৯

➢ **সার্ভিস চার্জ এর ক্ষেত্রে :**

সম্পাদিত চুক্তি অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংক এর সাব রিপ্রেজেন্টেটিভ হিসেবে রেমিটেন্স ডেলিভারির ক্ষেত্রে বিকেবির মোট অর্জিত আয়ের ৭৫% রাকাবকে সার্ভিস চার্জ প্রদান করবে। বাংলাদেশ কৃষি ব্যাংক হতে প্রাপ্ত সার্ভিস চার্জ ইতোপূর্বে শাখা ভিত্তিক হিসাব করা সম্ভব না হওয়ায় এবং কমিশনের পরিমাণ আনুপাতিক হারে অনেক কম হওয়ায় উক্ত কমিশন ঢাকা শাখার আয় খাতে হিসাবভুক্ত করা হতো। কিন্তু এক্ষণে Active Money Transfer Operator (MTO) এর সংখ্যা এবং কমিশনের হার বৃদ্ধির প্রেক্ষাপটে কমিশন বৃদ্ধি পাবে যা শাখা ভিত্তিক প্রেরণ করা হবে। এক্ষেত্রে কমিশন বাবদ প্রাপ্ত অর্থ ঢাকা শাখা এ্যাডভাইসের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। কমিশনের শাখা ভিত্তিক তালিকা বৈদেশিক বিনিময় বিভাগ কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ সরবরাহ করবে। কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ উক্ত কমিশন শাখা ভিত্তিক তালিকা অনুসারে Remote Transaction এর মাধ্যমে শাখার আয় খাত ক্রেডিট করে হিসাবায়ন সম্পন্ন করবে।

(ক) রাকাব, ঢাকা কর্পোরেট শাখা কমিশন বাবদ প্রাপ্ত অর্থ হিসাবায়নের জন্য নিম্নোক্ত ভাউচার সম্পন্ন করবে:

ডেবিট	ক্রেডিট
ঢাকা শাখা কর্তৃক পরিচালিত SND Account with BKB (90200000408) বিকেবি এর মাধ্যমে পরিশোধিত রেমিটেন্সের বিপরীতে প্রাপ্ত কমিশন	90200000185 (Rakub General Account))

(খ) রাকাব, প্রধান কার্যালয় কর্তৃক কমিশনের অর্থ শাখায় প্রেরণ করার ক্ষেত্রে Remote Transaction এর মাধ্যমে নিম্নোক্ত ভাউচার সম্পন্ন করবে:

ডেবিট	ক্রেডিট
90200000185 (Rakub General Account) বিকেবি এর মাধ্যমে পরিশোধিত রেমিটেন্সের বিপরীতে প্রাপ্ত কমিশন	Income from Foreign Remittance with BKB. (90300000299) বিকেবি এর মাধ্যমে পরিশোধিত রেমিটেন্সের বিপরীতে প্রাপ্ত সংশ্লিষ্ট শাখার কমিশন

০৩। ফরেন রেমিটেন্স প্রদানের ক্ষেত্রে নিম্ন বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে:

(১) গ্রাহক/প্রাপক কর্তৃক সরবরাহকৃত Money Transfer Control Number/Ref.No./PIN Number রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী'র বৈদেশিক বিনিময় বিভাগ থেকে অবশ্যই যাচাই করে রেমিটেন্স ডেলিভারি করতে হবে। রেমিটেন্স এর অর্থ প্রদানের সময় গ্রাহকের পরিচয় নিশ্চিত হওয়ার জন্য ছবিযুক্ত পরিচয়পত্র যেমন-NID/Passport/Driving Licence ইত্যাদির ফটোকপি সংগ্রহ করতে হবে।

চলমান পাতা-০৩

(২) সম্পাদিত চুক্তি অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংক এর সাব রিপ্রেজেন্টেটিভ হিসেবে নিম্ন বর্ণিত Money Transfer Operator (MTO) তালিকা অনুযায়ী সিবিএস GL Serial মোতাবেক আদায়যোগ্য হিসাবে হিসাবভুক্ত করতে হবে। ইতোপূর্বে সরবরাহকৃত জিএল এর মাধ্যমে লেনদেন বন্ধ করে নিম্নে নতুন জিএল সরবরাহ করা হলো। ০১-১১-২০২৩ তারিখ হতে নতুন জিএল এর মাধ্যমে লেনদেন করতে হবে। ০১-১১-২০২৩ তারিখের পর কোনভাবেই পুরাতন জিএল ব্যবহার করা যাবেনা।

MTO Name	GL Serial	MTO Name	GL Serial
Aftab Currency Exchange, ACE Money Transfer (BKB)	90200000538	NBL MONEY TRANSFER-SINGAPORE (BKB)	90200000549
BFC Bank, EZ Remit (BKB)	90200000539	NEC Money Transfer (BKB)	90200000550
CASH EXPRESS -DUBAI/UAE (BKB)	90200000540	PLACID EXPRESS (BKB)	90200000551
CBL MONEY EXCHANGE-MALAYSIA (BKB)	90200000541	PRABHU MONEY TRANSFER-USA (BKB)	90200000552
Daytona Capital, Hello Paisa (BKB)	90200000542	REMITEX LIMITED MUKURU (BKB)	90200000553
GCC Exchange UK Ltd (BKB)	90200000543	RIA MONEY TRANSFER-USA (BKB)	90200000554
Home Remit International (BKB)	90200000544	Southeast Exchange (BKB)	90200000555
Instant Cash FZE (BKB)	90200000545	TRANSFAST REMITTANCE (BKB)	90200000556
MARCHENT TRADE SDN BHD-MALAYASIA (BKB)	90200000546	U-Remit International (BKB)	90200000557
NBL MONEY TRANSFER-MALAYASIA (BKB)	90200000547	WESTERN UNION (BKB)	90200000558
NBL Money Transfer-Maldives (BKB)	90200000548	XPRESS MONEY REMITTANCE LTD (BKB)	90200000559

(৩) সিবিএস সিস্টেম ব্যবহার করে ফরেন রেমিটেন্স ডেলিভারির ক্ষেত্রে গ্রাহককে রেমিটেন্স প্রদান, রেমিটেন্স তহবিল গ্রহণসহ অন্যান্য লেনদেন হিসাব পদ্ধতি সঠিকভাবে হিসাবায়নের জন্য উপরোল্লিখিত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে। এছাড়া ফরেন রেমিটেন্স সংক্রান্ত তথ্যসমূহ যথাযথভাবে উপস্থাপনের জন্য প্রয়োজনে কাঁচা রেজিস্ট্রার সংরক্ষণ করতে হবে। এ সার্কুলারের কোন বিষয়ে অস্পষ্টতা/ব্যাখ্যার প্রয়োজন হলে অত্র বিভাগের সাথে সরাসরি যোগাযোগ করার পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

এস,এম,আহসানউল্লাহ্
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ০২৫৮৮-৮২০১০৫

নং- প্রকা/কেহিবি-১/৫৬(৩)/২০২৩-২০২৪/৭৬৪(৪৫৪) তারিখ: ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। **জারীকৃত সার্কুলারটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।**
১১। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১২। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১৩। সহকারী মহাব্যবস্থাপক (উপ-মহাব্যবস্থাপকের দায়িত্বে), রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৪। উপ-প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, ডিপিও, রাজশাহী/বগুড়া।
১৫। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৬। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৭। অফিস নথি।

২২/১০/২৩
মোঃ আতাউর রহমান
সহকারী মহাব্যবস্থাপক
০২৫৮৮-৮২০১০৬

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
বৈদেশিক বিনিময় বিভাগ

Bangladesh Krishi Bank (BKB) এর মাধ্যমে প্রদানকৃত Remittance এর অর্থ CBS System এ Posting ও Reporting সংক্রান্ত User Manual

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক বিদেশে কর্মরত বাংলাদেশীদের কষ্টার্জিত অর্থ তাঁদের আত্মীয়-স্বজন/পরিচিতজনদের নিকট বৈধ চ্যানেলের মাধ্যমে দেশে আনার ক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংকের সাথে ১২ টি Money Transfer Operator (MTO) এর মাধ্যমে Foreign Remittance কার্যক্রম পরিচালনা করছে। Foreign Remittance কার্যক্রম আরো জোরদার করার জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক এর সাথে গত ০৪-০৯-২০২৩ তারিখে নতুন ১০ (দশ) টি রেমিট্যান্স কোম্পানী/MTO এর সাথে লেনদেনের জন্য Sub-Representative সম্পাদন করা হয়েছে।

০২। Bangladesh Krishi Bank এর মাধ্যমে প্রদানকৃত Foreign Remittance এর অর্থ সহজে হিসাবায়ন ও রিপোর্টিং করার লক্ষ্যে CBS System এ 7071- Foreign Remittance And Incentive Payment এবং 8659-Foreign Remittance And Incentive Master Report নামীয় ২টি Path সংযুক্ত রয়েছে। আগামী ০১-১১-২০২৩ তারিখ হতে বাধ্যতামূলক ভাবে 7071-Path ব্যবহার করে CBS এ Posting দিতে হবে। Foreign Remittance Department হতে Remittance প্রদান সংক্রান্ত তথ্যাদি নিশ্চিত হওয়ার পর শাখা CBS এর 7071-Path ব্যবহার করে Posting দিবে। 7071-Path ব্যবহার করে Posting দিলে শাখার সংশ্লিষ্ট Remittance House এর GL ডেবিট হবে। দিন শেষে (EOD এর সময়) স্বয়ংক্রিয়ভাবে নিজ শাখার GL ক্রেডিট হয়ে ঢাকা শাখার সংশ্লিষ্ট GL ডেবিট হবে। উল্লেখ্য শাখা 7071-Path এর মাধ্যমে Posting দেয়ার পর আলাদাভাবে Remote Transaction এর প্রয়োজন নাই। নিম্নে চিত্রসহ তথ্য উপস্থাপন করা হলোঃ

Manual of 7071- Foreign Remittance And Incentive Payment



Amount 0.00

Incentive Amount 0.00

Narration

Remittance Info.

Bank Name	:	Bangladesh Krishi Bank Select করুন।
Remittance House	:	যে Remittance House এর টাকা প্রদান করতে চান সেটি Select করুন। নামের সাথে GL নম্বর দেয়া আছে।
Sender Name	:	যে ব্যক্তি বিদেশ থেকে টাকা পাঠিয়েছেন তার নাম।
Sender Country	:	যে দেশ থেকে টাকা পাঠানো হয়েছে।
Sender Mobile Number	:	যে ব্যক্তি টাকা পাঠিয়েছেন তার মোবাইল নম্বর। (Optional)
Receiver Name	:	যিনি টাকা গ্রহন করবেন তার নাম।
Receiver Mobile Number	:	টাকা গ্রহনকারীর মোবাইল নম্বর।
Receiver Photo ID Type	:	National ID, Passport No, Driving License No. এই তিনটির মধ্যে যে কোন একটি Select করুন।
Receiver Photo ID Number	:	National ID, Passport No. Driving License No. এই তিনটির মধ্যে যেটি Select করেছেন তার নম্বরটি দিন।
PIN Number	:	যে গোপন নম্বরের বিপরীতে অর্থপ্রদান করা হবে।
Receiver Address	:	যিনি টাকা গ্রহন করবেন তার ঠিকানা।
Trans. Date	:	স্বয়ংক্রিয়ভাবে পূরণ হবে।
Value Date	:	স্বয়ংক্রিয়ভাবে পূরণ হবে।
Trans. Mode	:	Cash অথবা Transfer যেভাবে গ্রাহককে অর্থ প্রদান করতে চান।
Account No	:	Transfer Select করলে বাধ্যতামুলকভাবে হিসাব নম্বর দিতে হবে। (যে শাখা হতে Remittance প্রদান করা হবে সংশ্লিষ্ট শাখার হিসাব নম্বর দিতে হবে)
Amount	:	যে পরিমাণ টাকা পাবে। (Incentive Amount বাদে)
Incentive Amount	:	স্বয়ংক্রিয়ভাবে 2.5% হারে পুরণ হবে। দশমিক বাদে দেখাবে, দশমিক দিয়ে সংখ্যা দেয়া যাবে না। (কোন কারণে Incentive Amount সংশোধন করার প্রয়োজন হলে সঠিক Amount লিখা যাবে।)
Narration	:	প্রয়োজনমত বর্ণনা লিখবেন।
Remittance Info.	:	অতিরিক্ত কোন তথ্য দিতে চাইলে। (Optional)

উপরোক্ত তথ্য পূরণ করে OK তে click করুন। 8003 path এ Authorize করুন।

Manual of 8659- Foreign Remittance And Incentive Master Report

Bank ID	:	Bangladesh Krishi Bank এরজন্য 0007 দিতে হবে।
Branch ID	:	নিজ শাখার কোড।
Trans Date From	:	যে তারিখ থেকে Report দেখতে চান।
Trans Date To	:	যে তারিখ পর্যন্ত Report দেখতে চান।

৩। Bangladesh Krishi Bank এর মাধ্যমে প্রদানকৃত রেমিট্যান্সের ক্ষেত্রে প্রণোদনার টাকা দ্রুততম সময়ে নির্ভুলভাবে সমন্বয়ের লক্ষ্যে উপরোক্ত পদ্ধতি সঠিকভাবে অনুসরণ করার জন্য আপনাদেরকে বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া পরিপত্রের কোন বিষয়ে অস্পষ্টতা/ব্যাখ্যার প্রয়োজন হলে এ বিভাগের সঙ্গে সরাসরি যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

এস, এম, [illegible]
উপ-মহাব্যবস্থাপক
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী।

১৭/১০/২০২০
এস. এম. তৌহিদুজ্জামান
সহকারী মহাব্যবস্থাপক
বৈদেশিক বিনিময় বিভাগ
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী।

১৭.১০.২০২০
মোঃ আল জাকির
উর্ধতন মুখ্য কর্মকর্তা
বৈদেশিক বিনিময় বিভাগ
রাকাব, প্রধান কার্যালয় রাজশাহী।